**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(সাধারণ শাখা)
www.kurigram.gov.bd

বিষয় : **২৫ মার্চ, গণহত্যা দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী:**

সভাপতি : মোহাম্মদ সাইদুল আরীফ
জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
তারিখ : ৫ মার্চ, ২০২৩ খ্রিঃ।
সময় : বিকেল ৩.৩০ ঘটিকা।
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি: পরিশিষ্ট - ক

সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী ৩০ লক্ষ শহিদের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে এবং উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩০ জানুয়ারি, ২০২৩ তারিখ অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৩ সুষ্ঠুভাবে পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে স্থানীয় কর্মসূচি প্রণয়নে সকলকে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত কর্মসূচি গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রঃ নং | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|---|
| ১. | ১ মার্চ, ২০২৩ থেকে ২৫ মার্চ, ২০২৩ পর্যন্ত | স্কুল/কলেজ/মাদ্রাসা ও কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীর অংশগ্রহণে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদেরকে নিয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা | স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠান | ১। জেলা শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br>২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম<br>৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), কুড়িগ্রাম |
| ২. | ২৫ মার্চ, ২০২৩ সকাল ১০.০০ ঘটিকা | ২৫ মার্চ গণহত্যা দিবস উপলক্ষ্যে আলোচনা সভা | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, কুড়িগ্রাম | জেলা প্রশাসন, কুড়িগ্রাম |
| ৩. | ২৫ মার্চ, ২০২৩ সুবিধাজনক সময়ে | ২৫ মার্চের রাতে নিহতদের স্মরণে বিশেষ মোনাজাত/ প্রার্থনা | সকল ধর্মীয় উপাসনালয় | ১। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, কুড়িগ্রাম<br>২। সহকারী প্রকল্প পরিচালক, মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম, কুড়িগ্রাম<br>৩। সভাপতি, ইমাম সমিতি, কুড়িগ্রাম<br>৪। সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ, কুড়িগ্রাম |

চলমান পাতা-

| ক্রঃ নং | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|---|
| ৪. | ২৫ মার্চ, ২০২৩ সুবিধাজনক সময়ে | গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনী | স্বাধীনতার বিজয়স্তম্ভ চত্বর, কুড়িগ্রাম ও জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ | জেলা তথ্য অফিসার, কুড়িগ্রাম |
| ৫. | ২৫ মার্চ, ২০২৩ (রাত ১০.৩০ থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত) | প্রতীকি ব্ল্যাক-আউট ০১ (এক) মিনিটের জন্য (কেপিআই/জরুরি স্থাপনা ব্যতীত) | সমগ্র জেলা | ১। জেলা প্রশাসন, কুড়িগ্রাম<br>২। পুলিশ সুপার, কুড়িগ্রামের প্রতিনিধি<br>৩। নির্বাহী প্রকৌশলী নেসকো লি:, কুড়িগ্রাম<br>৪। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রাম |

২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), কুড়িগ্রাম ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সকল বিষয়ে সমন্বয় করবেন।

২. প্রত্যেক সরকারি, বেসরকারি দপ্তরের কর্মকর্তা, কর্মচারী ২৫ মার্চ গণহত্যা দিবসের প্রতিটি কর্মসূচিতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণ করবেন এবং অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনসহ প্রয়োজনীয় সহযোগিতা করবেন।

৩. ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে সকল কর্মসূচিতে আইন-শৃঙ্খলা বজায় রাখার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুলিশ সুপার, কুড়িগ্রামকে অনুরোধ করা হলো।

৪. কুড়িগ্রাম সদর উপজেলা জেলা প্রশাসন কর্তৃক গৃহীত সকল কর্মসূচির সাথে সম্পৃক্ত হয়ে দিবসটি পালন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৫. কুড়িগ্রাম সদর উপজেলা ব্যতীত অন্যান্য সকল উপজেলায় সরকারি কর্মসূচির আলোকে যথাযোগ্য মর্যাদার সাথে ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৩ পালনের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ও উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুরোধ করা হয়।

৬. গৃহীত কর্মসূচিসমূহ বহুল প্রচার ও গণহত্যার উপর দুর্লভ আলোকচিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শনীসহ সকল কর্মসূচিতে মাইক সরবরাহ করার জন্য জেলা তথ্য অফিসার, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৭. ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে স্বাধীনতার বিজয়স্তম্ভ, শহিদ মুক্তিযোদ্ধা স্মৃতিফলক ও মুক্তিযোদ্ধা স্মৃতিসৌধ, কেন্দ্রীয় শহিদ মিনার পরিস্কার-পরিচ্ছন্নসহ সুসজ্জিত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, কুড়িগ্রাম পৌরসভাকে বিশেষভাবে অনুরোধ করা হয়।

৮. ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে ২৫ মার্চ, ২০২৩ তারিখ (রাত ১০.৩০ থেকে ১০.৩১ মিনিট পর্যন্ত) ০১ (এক) মিনিটের জন্য প্রতীকি ব্ল্যাক-আউট পালনের জন্য নির্বাহী প্রকৌশলী নেসকো লি:, কুড়িগ্রাম ও জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, কুড়িগ্রামকে অনুরোধ করা হয়।

৯. ২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৩ পালন উপলক্ষ্যে সকল সরকারি, বেসরকারি দপ্তরের আলোকসজ্জা বন্ধ রাখার জন্য অনুরোধ করা হয়।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় কুড়িগ্রামের সর্বস্তরের জনসাধারণসহ সকল সরকারি, বেসরকারি দপ্তরের কর্মকর্তা, কর্মচারীকে ২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৩ এর প্রত্যেকটি কর্মসূচিতে স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৪/৩/২০২৩

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
২৫ মার্চ গণহত্যা দিবস-২০২৩ পালন কমিটি।

স্মারক নম্বর - ০৫.৪৭.৪৯০০.০০৩.০২.০১৪.১৭-২৬৪ (২০০)

তারিখ: ১০ ফাল্গুন, ১৪২৯ / ২৪ মার্চ, ২০২৩

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে):

১. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।

২. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

৩. ..................................................................
..................................................................
....................................................কুড়িগ্রাম।

২৪/৩/২০২৩

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।